# এক বৎসরকালীন বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

## প্রথম ষান্মাসিক (১ম পত্র)

## বরাক উপত্যকা বঙ্গসাহিত্য ও সংস্কৃতি সম্মেলন

## দূর-শিক্ষাকেন্দ্র

শিক্ষাবর্ষ: ২০২৩-২০২৪
(৭তম শিক্ষাবর্ষ)

## হোম অ্যাসাইনমেন্ট

## ইতিহাসের আলোকে বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান : ২০ — উত্তরপত্র জমা দেওয়ার শেষ তারিখ : ৩০ জুন ২০২৪

উত্তরগুলো পরীক্ষার্থীকে নিজ হাতে নিজস্ব ভাষায় লিখতে হবে।
মূল পাঠ্যবই থেকে সরাসরি তুলে দিলে নম্বর কাটা যাবে।

নিচের দেওয়া ১ থেকে ৬ নং প্রশ্নের মধ্যে যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১) যে কোনও চারটি প্রশ্নের উত্তর লিখুন : ১x৪=৪

ক) বাংলা ভাষার আনুমানিক বয়স কত বছর?

খ) পৃথিবীতে প্রচলিত ও কথিত ভাষাগুলোর মধ্যে বাংলার স্থান কত?

গ) বাঙালি জাতিসত্তার আত্মপ্রকাশের সময়কাল কবে?

ঘ) ধর্ম ও ভাষার মধ্যে কোনটা সহজে পরিবর্তনীয়?

ঙ) কোন দুইটি জাতিগোষ্ঠীর সংমিশ্রণে বাঙালি জাতিগোষ্ঠী তৈরি হয়েছে?

২) যে কোনও দুইটি প্রশ্নের উত্তর দিন : ২x২=৪

ক) পৃথিবীতে প্রচলিত ভাষাগুলোর মধ্যে বাংলা ভাষার স্থান কত? সারা পৃথিবীতে কতসংখ্যক মানুষ বাংলাভাষায় কথা বলে?

খ) চর্যাপদ পুথিটি কে, কবে, কোথায় আবিষ্কার করেন? এ পদগুলোর দু'জন রচয়িতার নাম লিখুন।

গ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসটির রচয়িতার নাম লিখুন। এতে কাদের জীবন প্রতিফলিত হয়েছে?

৩) যে কোনও দুইটি প্রশ্নের উত্তর লিখুন : ২x২=৪

ক) প্রাক্-আধুনিকযুগে প্রকাশিত সহিত্যকে কী সাহিত্য বলা হয়? উদাহণসহ লিখুন। হিন্দু-মুসলিম যৌথ সাধনার সাক্ষ্য কোন সাহিত্যকৃতিতে পাওয়া যায়?

খ) শ্রীচৈতন্যদেব কবে জন্মগ্রহণ করেন? তাঁর আবির্ভাব বাঙালি জীবনে কী বৈপ্লবিক পরিবর্তন এনেছিল?

গ) শাক্ত সাহিত্য উদ্ভবের সময়কাল কী? দু'জন প্রধান শাক্ত পদকর্তার নাম করুন। এ পদাবলির প্রধান বৈশিষ্ট কী?

৪) যে কোনও চারটি প্রশ্নের উত্তর দিন : ১x৪=৪

ক) সুরে পাঠ করা কবিতাকে কী বলা হয়?

খ) হেড়ম্ব রাজ্যটি কোথায় অবস্থিত?

গ) বাংলা গদ্যভাষাকে সাহিত্য পদবাচ্য করে তুলতে যে দু'জন মনীষীর অবদান রয়েছে তাঁদের নাম লিখুন।

ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় বাংলা সাহিত্যে কী অভিধায় ভূষিত? তাঁর দু'টি গ্রন্থের নাম করুন।

ঙ) মধ্যযুগে কামরূপ-কাছাড় এবং সংলগ্ন অঞ্চলে বাংলা গদ্যের নিদর্শন কোথায় পাওয়া গেছে?

৫) উত্তর লিখুন : (যে কোনও দু'টি) ২x২=৪

ক) 'গীতাঞ্জলি' কবে প্রথম প্রকাশিত হয়? এটা কার রচিত? গীতবিতানে সংকলিত রবীন্দ্রসংগীতের সংখ্যা কত?

খ) 'রূপসী বাংলা'র বৈশিষ্ট্য কী, আলোচনা করুন।

গ) বাংলা ভাষার তৃতীয় ভুবন বলতে কোন অঞ্চলকে বোঝায়? রবীন্দ্রনাথ ঠাকুর 'নির্বাসিতা ভূমি' সম্বন্ধে কোন কবিতাটি লিখেছেন?

৬) যে কোনও একটি প্রশ্নের উত্তর দিন : ৪x১=৪

ক) রবীন্দ্রনাথ কী বিচিত্র সম্ভার দিয়ে বাংলা কবিতার জগৎটি গড়ে দিয়েছেন?

খ) ছোটগল্প বলতে কী বোঝায়? কেন এই গল্পকে ছোটগল্প বলা হয়?

গ) টীকা লিখুন : উপন্যাস, নাটক।